

১০/০৮/০৭

ইলেকট্রনিক ইউনিভার্সিটি ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবালের যাত্রা শুরু

ইন্টারনেটভিত্তিক বিশ্বখ্যাত ইলেকট্রনিক বিশ্ববিদ্যালয় ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবাল বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে। সম্প্রতি ঢাকা-শেরাটন হোটেলে বিশ্বের ২০টি শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে প্রতিষ্ঠিত এই ই-বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করেন রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ। অনুষ্ঠানের আয়োজন করে ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবালের প্রতিনিধি কারিয়ার পোর্টাল এইমইনলাইফ ডট কম। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার আহমদ চৌধুরী, সার্ক চেম্বার অফ কমার্সের উপদেষ্টা ইউসুফ আবদুল্লাহ হারুন, ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবালের প্রধান নির্বাহী কর্মকর্তা মুকেশ আলি ও ডিন ড. হেলেন লানজে এবং এইমইনলাইফ ডট. কমের প্রধান নির্বাহী কর্মকর্তা এম. শোয়েব চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এইমইনলাইফ এর প্রধান উপদেষ্টা সৈয়দ মার্ভাব মুর্শেদ।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি তথা ও প্রমুখ সুবিধা কাজে লাগিয়ে বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে সর্বাধুনিক অবদানকে পরিচিত করার জন্য ইউ টুয়েন্টি ওয়ান গ্লোবাল ও এইমইনলাইফকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ একটি অমিত সম্ভাবনার দেশ। এদেশে আমরা একটি জ্ঞানভিত্তিক সমাজ গড়তে চাই। এজন্য এদেশের

শিক্ষার্থীদের বিশৃঙ্খলিত শিক্ষা গ্রহণ করে প্রতিযোগিতায় টিকে থাকতে হবে। এ জন্য এই ইন্টারনেটভিত্তিক শিক্ষা ব্যবস্থা হতে পারে একটি ভাল উপায়। তবে সে ক্ষেত্রে এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে দায়িত্বের সঙ্গে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে হবে।

ইউ টুয়েন্টি ওয়ান বিশ্বের ৬০টি দেশের ৩ হাজার শিক্ষার্থী এখন ইউ ২১ গ্লোবালের শিক্ষা কার্যক্রমের অংশ এবং এ সংখ্যা বাড়ছে। শুধু সংখ্যার দিক থেকে নয়, ইন্টারনেট সুবিধা কাজে লাগিয়ে বিশ্বব্যাপী শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে বক্তারা গুরুত্ব আরোপ করেন।

এ উপলক্ষে বাংলাদেশে মানব সম্পদ উন্নয়ন কৌশল শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আকবর আলি খান। এতে বক্তব্য রাখেন প্রখ্যাত আইনজীবী ড. কামাল হোসেন, বিশিষ্ট অর্থনীতিবিদ ও টিআইবি চেয়ারম্যান প্রফেসর মোজাফ্ফর আহম্মদ এবং প্রবক্ত উপস্থাপন করেন, সিঙ্গাপুর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হাবিবুল্লাহ খান, ড. মুকেশ আলি, ড. হেলেন লানজে, মেজর জেনারেল আবদুল ওয়াদুদ, এফার কমোডোর মাহমুদ হোসেন এবং সৈয়দ মার্ভাব মুর্শেদ। সংবাদ বিজ্ঞপ্তি।